শেখ হাসিনাকে বিচারবহির্ভূত কিছু করা হবে না: জাহেদ উর রহমান



প্রধানমন্ত্রীর তথ্য ও সম্প্রচার বিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমান। ছবি : সংগৃহীত

ক্ষমতাচ্যুত সাবেক প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিও ‘ইনসাফ’ নিশ্চিত করা হবে বলে মন্তব্য করেছেন প্রধান উপদেষ্টা তারেক রহমানের তথ্য ও সম্প্রচারবিষয়ক উপদেষ্টা জাহেদ উর রহমান। তিনি বলেন, শেখ হাসিনা দেশে ফিরলে তার সঙ্গে কোনো বিচারবহির্ভূত আচরণ করা হবে না।

মঙ্গলবার সচিবালয়ে তথ্য মন্ত্রণালয়ের নিয়মিত সংবাদ সম্মেলনে তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে সরকারের সাম্প্রতিক কর্মকাণ্ডের অগ্রগতি তুলে ধরেন তথ্য ও সম্প্রচারমন্ত্রী জহির উদ্দিন স্বপন।

এক প্রশ্নের জবাবে জাহেদ উর রহমান বলেন, শেখ হাসিনাকে ক্ষমতা থেকে সরানোর অন্যতম কারণ ছিল ন্যায়বিচারের অভাব। নতুন বাংলাদেশ গঠনের মূল ভিত্তিই হবে ‘ইনসাফ’, যেখানে প্রতিপক্ষের প্রতিও ন্যায়বিচার নিশ্চিত করা হবে।

তিনি আরও বলেন, শেখ হাসিনা দেশে ফিরে এলে তার বিরুদ্ধে চলমান বিচারিক প্রক্রিয়াই অনুসরণ করা হবে। যথাযথ আইনি সুযোগ ও আত্মপক্ষ সমর্থনের অধিকার নিশ্চিত করা হবে বলেও জানান তিনি।

মৃত্যুদণ্ড প্রসঙ্গে জাহেদ উর রহমান বলেন, সঠিক বিচারিক প্রক্রিয়ার মাধ্যমে যে রায় আসবে, সরকার সেটিই মেনে নেবে। তার ভাষায়, ন্যায়বিচার মানে কেবল শাস্তি নয়, বরং স্বচ্ছ ও নিয়মতান্ত্রিক বিচার নিশ্চিত করা।